গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা
রাজস্ব (এস, এ) শাখা
www.satkhira.gov.bd

নং: ৩১.৪৪.৮৭০০.০০৬.০১.০০৫.২৩.০৫ তারিখ: ১৭ পৌষ ১৪৩০
০১ জানুয়ারি ২০২৪

# নিয়োগ আদেশ

ভূমি মন্ত্রণালয়ের ২৬/০৬/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২২৯.১২.২১৭ নং ছাড়পত্রমূলে সাতক্ষীরা কালেক্টরেটের রাজস্ব প্রশাসনের আওতাধীন নিরাপত্তা প্রহরী পদে ০১ (এক) টি শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে ২২/১২/২০২৩ খ্রি. তারিখে লিখিত পরীক্ষা, ২৯/১২/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং সরকার ঘোষিত কোটা সংক্রান্ত নীতিমালা বিবেচনা করে নিয়োগ সংক্রান্তে গঠিত ২০তম গ্রেডে জনবল নিয়োগের জেলা কমিটির ০১/০১/২০২৪ খ্রি. তারিখের ৩১.৪৪.৮৭০০.০০৬.০১.০০৫.২৩.০১ নং স্মারকের সর্বসম্মত সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীর জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২০ তম গ্রেডে (বেতনক্রম; ৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০) অনুযায়ী প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে 'নিরাপত্তা প্রহরী' পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো।

| ক্র: নং | রোল নম্বর | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | কোটা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ৩০১৭ | নাম: প্রতাপ বৈদ্য<br>পিতা: অবনী বৈদ্য<br>মাতা: অরুনা বৈদ্য | গ্রাম: দক্ষিণ নগরঘাটা<br>ইউনিয়ন: ২ নং নগরঘাটা<br>ডাকঘর: নগরঘাটা<br>উপজেলা: তালা<br>জেলা: সাতক্ষীরা | সাধারণ |

শর্তসমূহ:

০১। নির্বাচিত প্রার্থীদের শিক্ষাগত সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে প্রাথমিকভাবে মনোনীত করা হয়েছে।

০২। প্রাথমিকভাবে মনোনীত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে কোনো সময়ে কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এমনকি চাকরিতে নিয়োগের পরেও এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৩। মনোনীত প্রার্থীরা আগামী ০৩ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ১০.০০ টায় সিভিল সার্জন, সাতক্ষীরার নিকট রিপোর্ট করবেন ও স্বাস্থ্য পরীক্ষা করাবেন।

০৪। এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় তাদেরকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা যাবে।

০৫। নিয়োগপ্রাপ্তদেরকে আগামী ০৪ জানুয়ারি ২০২৪ তারিখে অত্র কার্যালয়ের এস, এ শাখায় যোগদান করতে হবে। নির্ধারিত সময়/দিনের মধ্যে নিয়োগপ্রাপ্ত কেউ যোগদান না করলে বিনা নোটিশেই এই নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৬। সকল কোটায় মনোনীত প্রার্থীগণ কোটার সপক্ষে সংশ্লিষ্ট সকল প্রমাণপত্র আগামী ০৪ জানুয়ারি ২০২৪ তারিখে জেলা প্রশাসক, সাতক্ষীরা বরাবর দাখিল করবেন।

০৭। চাকুরীতে যোগদানের সময় যোগদানপত্রের সাথে সিভিল সার্জন সাতক্ষীরা কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য বিষয়ক সনদ, শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসমূহের সত্যায়িত কপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রদত্ত চারিত্রিক সনদপত্র, চেয়ারম্যান, সংশ্লিষ্ট

পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী চাকুরির অব্যাহতিপত্রসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করতে হবে।

০৮। নিয়োগপ্রাপ্তদেরকে যোগদানের সময় যথাযথভাবে পূরণকৃত ০২ (দুই) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম দাখিল করতে হবে। পরবর্তীতে পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদনে কোন প্রার্থীর বিরুদ্ধে বিরূপ মন্তব্য পাওয়া গেলে তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৯। নিয়োগ প্রাপ্ত কেউ চাকুরিরত থাকলে পূর্ববর্তী চাকুরির অব্যাহতিপত্র দাখিল করতে হবে।

১০। নিয়োগপ্রাপ্তদেরকে যোগদানের জন্য কোনো ভ্রমণ ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

০১.০১.২৪

মোহাম্মদ হুমায়ুন কবির
জেলা প্রশাসক
সাতক্ষীরা
ফোন: ০২৪৭৭৭৭৪১০৭১
ই-মেইল: dcsatkhira@mopa.gov.bd

নং: ৩১.৪৪.৮৭০০.০০৬.৩১.১৩৩.২৩.০৫

তারিখ: ১৭ পৌষ ১৪৩০
০১ জানুয়ারি ২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
০৬। বিভাগীয় কমিশনার, খুলনা ও সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
০৭। পুলিশ সুপার, সাতক্ষীরা। (নিয়োগপ্রাপ্তদের চারিত্রিক ও সদাচরণ সম্পর্কে যাচাই করে রিপোর্ট প্রদানের অনুরোধসহ)
০৮। সিভিল সার্জন, সাতক্ষীরা। (নিয়োগপ্রাপ্তদের স্বাস্থ্য বিষয়ক প্রত্যয়ন প্রদানের অনুরোধসহ)
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা।
১০। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর/কলারোয়া/তালা/আশাশুনি/দেবহাটা/কালিগঞ্জ/শ্যামনগর, সাতক্ষীরা।
১১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, সাতক্ষীরা।
১২। নেজারত ডেপুটি কালেক্টর, সাতক্ষীরা
১৩। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, সাতক্ষীরা।
১৪। সহকারী কমিশনার (ভূমি), সাতক্ষীরা সদর/কলারোয়া/তালা/আশাশুনি/দেবহাটা/কালিগঞ্জ/শ্যামনগর, সাতক্ষীরা।
১৫। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা (জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরার ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৬। জেলা এ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, সাতক্ষীরা।
১৭। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কলারোয়া/তালা/আশাশুনি/দেবহাটা/কালিগঞ্জ/শ্যামনগর, সাতক্ষীরা।
১৮। সহকারী প্রোগ্রামার, জেলা আইসিটি সেল, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।
১৯। নোটিশ বোর্ড।
২০। জনাব ......................................................................................।
২১। অফিস কপি।

০১.০১.২৪

মোহাম্মদ হুমায়ুন কবির
জেলা প্রশাসক
সাতক্ষীরা
ফোন: ০২৪৭৭৭৭৪১০৭১
ই-মেইল: dcsatkhira@mopa.gov.bd